দৈনিক
ইত্তেফাক

তারিখ . 1 . 1 . DEC
পৃষ্ঠা ... ৬ ... কলাম

# দলীয় প্রার্থীর বিপক্ষে যাওয়ায় ছাত্রলীগের সভাপতিকে অব্যাহতি

■ বাগেরহাট প্রতিনিধি

বাগেরহাট পৌরসভায় মেয়র পদে আওয়ামী লীগের মনোনীত প্রার্থী খান হাবিবুর রহমানের পক্ষে কাজ না করে দলের বিদ্রোহী প্রার্থীর পক্ষে প্রচারণায় অংশ নেয়ার অভিযোগে জেলা ছাত্রলীগের সভাপতি চিরঞ্জীব বিশ্বাস সানিকে সভাপতির পদ থেকে অব্যাহতি দিয়েছে ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটি। সানিকে অব্যাহতি দিয়ে জেলা ছাত্রলীগের জ্যেষ্ঠ সহ-সভাপতি মো. মনিরুজ্জামানকে ভারপ্রাপ্ত সভাপতির দায়িত্ব দেয়া হয়েছে।